## 26977 - আদ-দাহর আল্লাহ্‌র নাম নয়

প্রশ্ন

আমি একটি হাদিসে পড়েছি যে, আল্লাহ্‌ তাআলা বলেন: “আমিই দাহর (সময়)”। এর মানে কি আল্লাহ্‌র সুন্দর নামসমূহের মধ্যে একটি হচ্ছে- আদ-দাহর?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

প্রশ্নকারী যে হাদিসটির দিকে ইঙ্গিত করেছেন সেটি ইমাম বুখারী (৪৮২৬) ও ইমাম মুসলিম (২২৪৬) আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আল্লাহ্‌ আয্‌যা ওয়া জাল্ল বলেন: বনী আদম সময়কে গালি দিয়ে আমাকে কষ্ট দেয়। অথচ আমিই সময়। নির্দেশনা আমারই হাতে। আমিই রাতদিনকে ওলটপালট করি।”

এ হাদিসটি এই প্রমাণ করে না যে, আদ-দাহর (সময়) আল্লাহ্‌র একটি নাম। বরঞ্চ হাদিসটির মর্ম হচ্ছে: আল্লাহ্‌ তাআলা সময়কে ওলটপালট করেন ও পরিবর্তন করেন।

খাত্তাবী বলেন:

হাদিসটির মর্ম হলো: আমি সময়ের মালিক এবং সময়ের দিকে যে বিষয়গুলোকে সম্বন্ধিত করা হয় সেগুলোর নিয়ন্ত্রণকারী। সুতরাং যে ব্যক্তি এই কারণে সময়কে গালি দেয় যে, সময় এই বিষয়গুলোর অধিকর্তা; তার সে গালিটি সময়ের প্রভুর দিকে ফিরে আসে। যেহেতু তিনিই ঐ বিষয়গুলোর অধিকর্তা।[সমাপ্ত]

ইমাম নববী বলেন:

“নিশ্চয় আল্লাহ্‌ই হচ্ছেন- সময়” এর মানে: তিনি সব ঘটনা ও দুর্ঘটনার অধিকর্তা এবং সকল সৃষ্টির স্রষ্টা। আল্লাহ্‌ই সর্বজ্ঞ।”

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

“আদ-দাহর আল্লাহ্‌ সুবহানাহু তাআলার নাম নয়। যে ব্যক্তি এই দাবী করেছেন তিনি দুটো কারণে ভুল করেছেন:

প্রথম কারণ: আল্লাহ্‌র সকল নাম হুসনা; অর্থাৎ পরিপূর্ণ মাত্রায় সুন্দর। সুতরাং তাঁর নামগুলো এমন গুণ ও অর্থ ধারণ করা অনিবার্য যা গুণসমূহ ও অর্থসমূহের মধ্যে এই শব্দটির সুন্দরতম অর্থ নির্দেশ করে। এ কারণে আপনি আল্লাহ্‌র নামসমূহের মধ্যে কোন ইসমে জামেদ (অর্থ নির্দেশ করে না) পাবেন না। আদ-দাহর শব্দটি ইসমে জামেদ; যা সময়সমূহের নাম ছাড়া বিশেষ কোন অর্থ নির্দেশ করে না।

দ্বিতীয় কারণ: হাদিসটির প্রাসঙ্গিকতা এটা আল্লাহ্‌র নাম হওয়াকে অস্বীকার করে। কেননা তিনি বলছেন: "আমিই রাতদিনকে ওলটপালট করি।" রাতদিনই হচ্ছে দাহর। তাহলে কিভাবে রাতদিন 'ওলটপালটকৃত জিনিস' 'ওলটপালটকারী' হবে?![সমাপ্ত]

ফাতাওয়াস শাইখ ইবনে উছাইমীন (১/১৬৩)]